**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৪.২৪-১৪২

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

## পরিপত্র-২

**বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম পর্যায়ের সাধারণ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিল, জামানত, প্রস্তাবকারী-সমর্থনকারীর যোগ্যতা, সারবত্তাহীন ত্রুটি, মনোনয়নপত্র বাছাইয়ের পদ্ধতি, আপিল, বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ, প্রার্থিতা প্রত্যাহার, ভোট গ্রহণের পুর্বে প্রার্থীর মৃত্যু, সমভোট ও নির্বাচনী ব্যয়ের সীমা ইত্যাদি।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম পর্যায়ের নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে মনোনয়নপত্র দাখিল ও গ্রহণ, জামানত, প্রস্তাবক-সমর্থকের যোগ্যতা, মনোনয়নপত্র বাছাই, বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ, প্রার্থিতা প্রত্যাহার, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রেরণ ও নির্বাচনের অন্যান্য কার্যক্রম সম্পর্কে বিধানাবলী নিম্নে উল্লেখ করা হলো:

**২। অনলাইনে মনোনয়নপত্র দাখিল:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৫) অনুসারে নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) মনোনয়নপত্র দাখিল করিতে হইবে; অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিলের জন্য কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইটের সংশ্লিষ্ট লিংকে (পোর্টাল) (https://onss.ecs.gov.bd) প্রবেশ করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন, রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর পোর্টালে লগইন করিয়া মনোনয়নপত্র পূরণ ও দাখিল করিতে পারিবেন; এইক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:-

(ক) অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করিবার উদ্দেশ্যে কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টালের সংশ্লিষ্ট লিংকে প্রবেশ করিয়া তাহার জাতীয় পরিচয়পত্র নম্বর, নির্বাচনের ধরন, নির্বাচনের নাম, পদের নাম, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি এন্ট্রি করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন; রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর মোবাইল নম্বর বা ইমেইল এ ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে;

(খ) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সহিত প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (facial recognition) করিতে হইবে;

(গ) দফা (ক) অনুসারে প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া লগইন করিবার পর প্রার্থী চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১, মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২, মহিলা সদস্য পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-৩ পাইবেন;

(ঘ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করিয়া পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্টি করিবেন এবং উপ-বিধি (৩) এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র, ইত্যাদি) স্ক্যান করিয়া পোর্টেবল ডকুমেন্ট ফরমেট (PDF)আকারে সংযুক্ত করিবেন;

(ঙ) প্রার্থী চালানের মাধ্যমে অথবা পোর্টালে রক্ষিত অনলাইন পেমেন্ট মেথড ব্যবহার করিয়া জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করিবার পর মনোনয়নপত্রটি দাখিল করিবেন;

(চ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে স্বয়ংক্রিয়ভাবে সৃজিত বা প্রদত্ত ক্রমিক নম্বর অনুসারে প্রার্থিত পদের সংশ্লিষ্ট ফরম এর পঞ্চম খন্ড অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিবেন এবং প্রাপ্তি স্বীকার রসিদ ও বাছাইয়ের নোটিশ অনলাইনে প্রার্থীকে প্রেরণ করিবেন;

(ছ) এই উপ-বিধির অধীন মনোনয়নপত্র দাখিলের পর স্বয়ংক্রিয়ভাবে পোর্টালে প্রার্থীর একাউন্টে মনোনয়নপত্র দাখিলের প্রাপ্তি স্বীকার, মনোনয়নপত্র বাছাইয়ের স্থান ও তারিখ, মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্ত প্রার্থীতা প্রত্যাহার এবং প্রতীক বরাদ্দসহ সংশ্লিষ্ট তথ্যাদি পর্যায়ক্রমে প্রেরণ করা হইবে এবং উল্লিখিত প্রতিটি ধাপের তথ্য প্রার্থীর প্রদত্ত মোবাইলেও প্রেরণ করা হইবে; এবং

(জ) রিটার্নিং অফিসার, প্রয়োজনে, অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে তাহার নিকট দাখিল করিবার নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৬) কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন না।

(৭) রিটার্নিং অফিসার তদকর্তৃক প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্র সম্পর্কে উহাতে বর্ণিত প্রার্থীর বিস্তারিত বিবরণ এবং প্রস্তাবকারী ও সমর্থনকারীর নাম ও ভোটার নম্বর তফসিল-১ এর ফরম-গ অনুসারে প্রস্তুত করিয়া তাহার কার্যালয়ে সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোন স্থানে টাঙাইয়া দিবেন।”;

৩। **অনলাইনে মনোনয়নপত্র দাখিলের পদ্ধতি স্থানীয়ভাবে প্রচার:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ উপবিধি (৫)(খ) অনুযায়ী অনলাইনে মনোনয়নপত্র দাখিলের পদ্ধতি সম্পর্কে নির্বাচন কমিশন সচিবালয় হতে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রিটার্নিং অফিসারগণও স্থানীয়ভাবে উল্লিখিত অনলাইনে মনোনয়নপত্র দাখিলের বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। **জামানত:** (১) প্রতিটি মনোনয়নপত্রের সাথে, চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা এবং ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ৭৫ (পঁচাত্তর) হাজার টাকা জমাদানের প্রমাণস্বরুপ ট্রেজারি চালান বা পে-অর্ডার বা ব্যাংকড্রাফট জমা দিতে হবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত টাকা জমা দেওয়া না হলে, রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র গ্রহণ করবেন না।

(৩) রিটার্নিং অফিসার এই বিধির অধীন জমাকৃত টাকা সম্পর্কিত তথ্যাদি ফরম ‘খ’ তে বিধৃত রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

(৪) কোন প্রার্থী কর্তৃক টাকা **৬/০৬০১/০০০১/৮৪৭৩ অথবা** সর্বশেষ সংশোধিত **১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১** নম্বর অথবা সর্বশেষ সংশোধিত কোডে জমা দিতে হবে। এছাড়া A-chalan, Sonali Seba অথবা SSL Commerz- এর মাধ্যমে প্রদান করা যাবে।

ম্যানুয়াল চালান-পূর্ব থেকে জামানত বাবদ চালান করে থাকলে তা আপলোড করা যাবে।

A-chalan, Sonali Seba অথবা SSL Commerz ব্যবহার করে চালান, মোবাইল ব্যাংকিং (বিকাশ, নগদ, রকেট ইত্যাদি), ডেবিট/ক্রেডিট কার্ড ইত্যাদি ব্যবহার করে নির্দেশনানুযায়ী সহজেই জামানত প্রদান করা যাবে।

পেমেন্ট সম্পন্ন হলে ড্যাশবোর্ডে জামানত প্রদানের তথ্য প্রদর্শিত হবে।

৫। **প্রস্তাবকারী-সমর্থনকারীর যোগ্যতা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (১) অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচনের উদ্দেশ্যে, সংশ্লিষ্ট উপজেলার যে কোন ভোটার, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচিত হবার যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন।

৬। **ভোটার তালিকার ভিত্তিতে নামের শুদ্ধতা নির্ধারণ:** উপজেলা নির্বাচনে প্রার্থী হলে সংশ্লিষ্ট উপজেলার যে কোন ভোটার এলাকার ভোটার তালিকায় নাম থাকতে হবে। ফলে মনোনয়নপত্রে প্রার্থী ভোটার তালিকায় ক্রমিক নম্বর, ভোটার নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বরও লিপিবদ্ধ করতে হবে। ভোটার তালিকায় অনেক প্রার্থীর নামের বানান অথবা পিতার নাম, স্বামীর নাম ঠিকানা বা এ সংক্রান্ত তথ্য সঠিকভাবে নাও থাকতে পারে। ভোটার তালিকায় এ ধরনের ভুল অনেকের দৃষ্টি গোচর হওয়া সত্ত্বেও প্রয়োজনীয় সংশোধন করা সম্ভব হয়নি। শুদ্ধভাবে প্রার্থীর নামসহ অন্যান্য তথ্য প্রদান করতে গিয়ে ভোটার তালিকায় উল্লিখিত নাম বা অন্যান্য তথ্যের সাথে হুবহু নাও মিলতে পারে। এ ধরনের অমিলের কারণে মনোনয়নপত্র বাতিল করা যাবে না। মনোনয়নপত্রে ভোটার তালিকায় ক্রমিক নং, ভোটার নম্বর, ভোটার এলাকার নাম বা জাতীয় পরিচয়পত্র নম্বর লিপিবদ্ধকরণে কোন ভুল করলেও মনোনয়নপত্র বাতিল করা যাবে না। অনুরূপভাবে প্রস্তাবকারী ও সমর্থনকারীর ক্ষেত্রেও উক্তরূপ ভিন্নতা ও শুদ্ধিকরণ গ্রহণযোগ্য হবে। উল্লিখিত ক্ষেত্রে প্রার্থীর বা প্রস্তাবকারী বা সমর্থনকারীর নামের বানান ও তথ্যাদি

যাচাইয়ের জন্য প্রার্থীর বা প্রস্তাবকারী বা সমর্থনকারীর এসএসসি পাশের সার্টিফিকেট বা অন্য কোন সার্টিফিকেট অথবা স্বীকৃত কোন পরিচয়পত্র দেখে নিশ্চিত হতে হবে।

**৭। সারবস্তাহীন ত্রুটি:** মনোনয়নপত্র বাছাইয়ের সময় ছোটখাট ত্রুটির জন্য কোন মনোনয়নপত্র বাতিল করা যাবে না। যদি বাছাইয়ের সময় এমন কোন ত্রুটি বিচ্যুতি নজরে আসে যা তাৎক্ষণিকভাবে সংশোধন সম্ভব, তা হলে মনোনয়নপত্র দাখিলকারীর দ্বারা তা সংশোধন করিয়ে নিতে হবে। মনোনয়নপত্র গ্রহণ অথবা বাতিল প্রসংগে রিটার্নিং অফিসারের সিদ্ধান্ত মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ করতে হবে। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৭ এর উপ-বিধি (৩)(ই) অনুসারে ভোটার তালিকার কোন অন্তর্ভুক্তির শুদ্ধতা অথবা বৈধতার প্রশ্নে কোন অনুসন্ধান চালানো যাবে না। তবে বিশেষভাবে উল্লেখ্য যে, হলফনামায় উল্লিখিত কোন তথ্য পরিবর্তন বা সংশোধন করা যাবে না।

**৮। মনোনয়নপত্র বাছাই:** (১) প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারী এবং প্রত্যেক প্রার্থী কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ বাছাই করিবার সময় উপস্থিত থাকিতে পারিবেন এবং রিটার্নিং অফিসার বিধি ১৫ এর অধীন তাঁহার নিকট দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পরীক্ষার জন্য তাহাদিগকে যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিবেন।

(২) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এর অধীন বাছাইয়ের সময় উপস্থিত ব্যক্তিগণের সম্মুখে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করিবেন এবং উক্তরুপ কোন ব্যক্তি কর্তৃক কোন মনোনয়নের ক্ষেত্রে উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করিবেন।

(৩) রিটার্নিং অফিসার স্বীয় উদ্যোগে, অথবা উপ-বিধি (১) এর উল্লিখিত কোন ব্যক্তি কর্তৃক উপ-বিধি (২) এর অধীন উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে, তদবিবেচনায় সংক্ষিপ্ত তদন্ত পরিচালনা করিতে পারিবেন এবং কোন মনোনয়নপত্র বাতিল করিতে পরিবেন, যদি তিনি সন্তুষ্ট হন যে,

(ক) প্রার্থী চেয়ারম্যান বা, ক্ষেত্রমত, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্য হিসাবে মনোনীত হইবার যোগ্য নহেন; বা

(খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী মনোনয়নপত্রে স্বাক্ষর করিবার যোগ্য নহেন; বা

(গ) বিধি ১৫ বা ক্ষেত্রমত, বিধি ১৬ এর কোন বিধান পালন করা হয় নাই;বা

(ঘ) প্রস্তাবকারী বা সমর্থনকারীর স্বাক্ষর সঠিক নহে;বা

(ঙ) বিধি ১৫ সএর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) এর অধীন হলফনামা দাখিল করা হয় নাই, বা দাখিলকৃত হলফনামায় অসত্য তথ্য প্রদান করা হইয়াছে বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হইয়াছে বা হলফনামায় উল্লিখিত কোন তথ্যের সমর্থনে যথাযথ সার্টিফিকেট, দলিল, ইত্যাদি দাখিল করা হয় নাই; তবে শর্ত থাকে যে,

রিটার্নিং অফিসার গুরুতর নহে, যেমন- প্রার্থীর বা প্রস্তাবকারীর বা সমর্থনকারীর বা ভোটার এলাকার বা নির্বাচনী এলাকার নামের বানান ভুল অথবা তাহাদের কাহারো পরিচিতি নম্বর বা ভোটার নম্বর ত্রুটিপূর্ণ হইলে, এইরুপ কোন ত্রুটির কারণে কোন মনোনয়নপত্র বাতিল করিবেন না এবং অনুরুপ ত্রুটি তাৎক্ষণিকভাবে সংশোধন করিবার জন্য সুযোগ প্রদান করিতে পারিবেন; এবং

(৪) রিটার্নিং অফিসার প্রতিটি মনোনয়নপত্র গ্রহণ করিয়া বা বাতিল করিয়া তাহার সিদ্ধান্ত প্রদান করিবেন এবং গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে উহার কারণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত বর্ণনা লিপিবদ্ধ করিবেন।

**৯। মনোনয়নপত্র গ্রহণ বা বাতিলের আদেশের বিরুদ্ধে আপীল:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৭ এর উপ-বিধি (৩) এর অধীন রিটার্নিং অফিসার কর্তৃক কোন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হলে উক্ত প্রার্থী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের পরবর্তী ৩ (তিন) দিনের (অর্থাৎ ১৮ এপ্রিল ২০২৪ হইতে ২০ এপ্রিল ২০২৪ পর্যন্ত) মধ্যে উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে বিধি ১৮ এর উপ-বিধি (৩) এর অধীন নিযুক্ত কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন।

বিধি ১৮ এর উপ-বিধি (২) অনুসারে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা মনোনয়নপত্র গ্রহণ সম্পর্কে প্রদত্ত রিটার্নিং অফিসারের আদেশে সংক্ষুব্ধ হন, তাহলে উক্ত কর্মকর্তা মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে বিধি ১৮ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করিতে পারবেন। **আপিল কর্তৃপক্ষ ২১ এপ্রিল ২০২৪ তারিখে সকল আপিল নিষ্পত্তি করিবেন।**

**১০। বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ:** রিটার্নিং অফিসার, বিধি ১৭ এর অধীন মনোনয়নপত্র বাছাইয়ের পর, বৈধভাবে মনোনীত

প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রস্তুত ও প্রকাশ করবেন। বিধি ১৮ এর অধীন যদি কোন আপিল দায়ের করা হয়ে থাকে, তাহলে উক্ত আপিলের উপর সিদ্ধান্ত প্রাপ্তির পর, প্রস্তুতকৃত প্রাথমিক তালিকায় প্রয়োজনীয় সংশোধন পূর্বক বৈধভাবে মনোনীত প্রার্থীগণের নামের চূড়ান্ত তালিকা ফরম ''ঘ'' তে প্রস্তুত করে তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রকাশ করবেন এবং একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন।

**১১। প্রার্থিতা প্রত্যাহার:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২০ অনুসারে বৈধভাবে মনোনীত কোন প্রার্থী তদকর্তৃক স্বাক্ষরযুক্ত একটি লিখিত নোটিশ, প্রার্থিতা প্রত্যাহারের দিন বা তার পূর্বে, রিটার্নিং অফিসারের নিকট স্বয়ং বা এতদুদ্দেশ্যে তদ্‌কর্তৃক লিখিতভাবে অনুমোদিত কোন প্রতিনিধি মারফত দাখিল করে তার প্রার্থিতা প্রত্যাহার করতে পারবেন। প্রার্থিতা প্রত্যাহারের কোন নোটিশ কোন অবস্থাতেই প্রত্যাহার বা বাতিল করা যাবে না। রিটার্নিং অফিসার প্রত্যাহারের কোন নোটিশ প্রাপ্ত হয়ে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, নোটিশে প্রদত্ত দস্তখত প্রার্থীর, তাহলে তিনি নোটিশের একটি ফটোকপি তার অফিসের সহজে দৃষ্টি গোচরে আসে এমন কোন স্থানে টাঙ্গিয়ে দিবেন।

**১২। ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু হলে:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৩ এর উপ-বিধি (১) অনুসারে ভোট গ্রহণের পূর্বে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হলে ক্ষেত্রমত, সংশ্লিষ্ট উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন কার্যক্রম রিটার্নিং অফিসারগণ বিজ্ঞপ্তির দ্বারা বাতিল করে দিবেন।

(২)রিটার্নিং অফিসার বিধি ২৩ এর উপ-বিধি (১) এর অধীন গৃহীত ব্যবস্থা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনকে লিখিতভাবে জানাবেন।

(৩) রিটার্নিং অফিসারের নিকট হতে অবহিত হবার পর কমিশন সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার সংশ্লিষ্ট পদে নতুন নির্বাচনের তফসিল ঘোষণা করবেন এবং কমিশনের উক্ত সিদ্ধান্ত অনুসারে রিটার্নিং অফিসার নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন :

তবে শর্ত থাকে যে, ইতঃপূর্বে কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে সাব্যস্ত হয়ে থাকলে এবং তিনি তাঁর প্রার্থিতা প্রত্যাহার না করে থাকলে তাকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না।

(৪) ভোট গ্রহণের পূর্বে মহিলা সদস্য পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হলে ভোটগ্রহণ অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

**<u>১৩। ভোটের সমতার ক্ষেত্রে:</u> বিধি ৪৩ এর উপ-বিধি (৩) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও মহিলা সদস্য নির্বাচনের ক্ষেত্রে, ভোট গণনার ফালাফল একত্রীকরণের পর যদি দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে সমান সংখ্যক ভোট প্রদত্ত হইবার কারণে উপ-বিধি (২) এর অধীন কোন প্রার্থীকে নির্বাচিত করা সম্ভব নহে, তাহা হইলে রিটার্নিং অফিসার লটারির মাধ্যমে ফলাফল নির্ধারণ করিবেন; লটারি যে প্রার্থীর অনুকূলে যাইবে সেই প্রার্থী সর্বোচ্চ ভোট প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং রিটার্নিং অফিসার তাহাকে নির্বাচিত ঘোষণা করিবেন; রিটার্নিং অফিসার তদকর্তৃক সম্পাদিত লটারির সম্পূর্ণ কার্যক্রম লিপিবদ্ধ করিয়া একটি কার্যবিবরণী প্রস্তুত করিবেন এবং উক্ত কার্যবিবরণীতে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা নির্বাচনি এজেন্টের স্বাক্ষর গ্রহণ করিবেন।";**

**১৪। নির্বাচনির ব্যয়ের সীমা:** বিধি ৫১ এর (ক) উপ-বিধি (১) চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাহার নির্বাচনের উদ্দেশ্যে, নির্বাচনি ব্যয় বাবদ অনধিক ২৫ (পচিঁশ) লক্ষ টাকা এবং মহিলা সদস্য পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাহার নির্বাচনের উদ্দেশ্যে, নির্বাচনি ব্যয় বাবদ অনধিক ১ (এক) লক্ষ টাকা ব্যয় করিতে পারিবেন।";

২৭/৩/২০২৪

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

প্রাপক

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার ...................... (সংশ্লিষ্ট)
ও রিটার্নিং অফিসার

২। উপজেলা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট)
ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৪.২৪-১৪২

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গর্ভনর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ........................................(সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ................................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. পরিচালক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও মনোনয়নপত্র অনলাইনে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, ..................................... (সকল) ও আপিল কর্তৃপক্ষ
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................... (সকল)
২০. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২১. পুলিশ সুপার, ..................................... (সংশ্লিষ্ট)
২২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২৪. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সকল)
২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)
২৬. জেলা তথ্য অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
২৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................. –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩১. উপজেলা নির্বাচন অফিসার,......................... (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা
৩৩. অফিসার ইন-চার্জ, .......................... (সংশ্লিষ্ট)

৮. [signature]
২৭/৩/২০২৪

( মোহাম্মদ শাহজালাল )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com